

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮০

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ দুনিয়াদারি ত্যাগ করার মাহাত্ম্য, দুনিয়া কামানো কম করার প্রতি উৎসাহ প্রদান এবং দারিদ্রের ফ্যীলত

আরবী

وَعَن عَبْدِ اللهِ بْنِ الشِّخِيرِ أَنه قَالَ: أَتَيْتُ النَّبِيَّ عَيَالِيُّ وَهُوَ يَقْرَأُ أَلْهَاكُمُ التَّكَاثُرُ قَالَ يَقُولُ ابْنُ آدَمَ مِنْ مَالِكَ إِلاَّ مَا أَكَلْتَ فَأَفْنَيْتَ أَو لَبِسْتَ فَأَفْنَيْتَ أَو لَبِسْتَ فَأَبْلَيْتَ أَوْ تَصِدَّقْتَ فَأَمْضَيَيْتَ رواه مسلم

বাংলা

(২৮০) আব্দুল্লাহ ইবনে শিখ্খীর (রাঃ) বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এলাম, এমতাবস্থায় যে, তিনি 'আলহাকুমুত তাকাসুর' অর্থাৎ, প্রাচুর্য্যের প্রতিযোগিতা তোমাদেরকে মোহাচ্ছন্ন ক'রে রেখেছে। (সূরা তাকাসুর) পড়ছিলেন। তিনি বললেন, আদম সন্তান বলে, 'আমার মাল, আমার মাল।' অথচ হে আদম সন্তান! তোমার কি এ ছাড়া কোন মাল আছে, যা তুমি খেয়ে শেষ ক'রে দিয়েছ অথবা যা তুমি পরিধান ক'রে পুরাতন করে দিয়েছ অথবা সাদকাহ ক'রে (পরকালের জন্য) জমা রেখেছ।

মুসলিম শরীফেরই অপর এক বর্ণনায় এসেছে, এ ছাড়া বাকী সব চলে যাবে এবং মানুষের জন্য রেখে যেতে হবে।

ফুটনোট

(মুসলিম ৭৬০৯, ৭৬১১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন শিখখীর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন